



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ২৫ জুন, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৫ জুন, ২০১৯ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ বিকাল ৭.৩০ মিনিটে দুই দিন ব্যাপি আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় ক্যারাম প্রতিযোগিতা-২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ বিজয়ী ও অংশগ্রহনকারী সকল দলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, সকলের আন্তরিক প্রচেষ্টায় সুন্দর ও সুশৃঙ্খলভাবে এ প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গঠনে এ ধরনের প্রতিযোগিতা আয়োজন সব সময়ই কার্যকর ভূমিকা পালন করে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রক্টর প্রফেসর জহির উদ্দিন আহমেদ, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দলের ম্যানেজার সহকারী অধ্যাপক জনাব মোহাম্মদ সামিয়ুল ইসলাম, শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক চৌধুরী সউদ বিন আম্বিয়া প্রমুখ।

উল্লেখ্য প্রতিযোগিতায় মোট পাচটি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। এগুলো হলো বরিশাল বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় এবং স্বাগতিক শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

প্রতিযোগিতায় ছেলে ও মেয়েদের খেলায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার